মঁপিলিয়েরকে গুঁড়িয়ে পিএসজি’র দুর্দান্ত জয়

ফ্রেঞ্চ লিগ ওয়ানে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) বড় জয় পেয়েছে। শুক্রবার রাতে তারা দশজনের মঁপিলিয়েরকে ৪-০ গোলে হারিয়েছে।

শুক্রবার পিএসজির মাঠে ১৯ মিনিটেই দশজনের দলে পরিণত হয় মঁপিলিয়ের। এ সময় এমবাপ্পেকে ফাউল করে কার্ড দেখে মাঠ ছাড়েন অমলিন। দশজনের দলের সুযোগ নিয়ে ৩৪ মিনিটে এগিয়ে যায় পিএসজি।

এ সময় অ্যাঙ্গেল ডি মারিয়ার বাড়িয়ে দেওয়া বল চিপে জালে জড়িয়ে এমবাপ্পে এগিয়ে নেন দলকে। ৬০ মিনিটের মাথায় ব্যবধান দ্বিগুণ করেন নেইমার। তাকে গোলে সহায়তা করেন এমবাপ্পে।

৬১ মিনিটের মাথায় ইকার্দি গোল করে ব্যবধান করেন ৩-০। আর ৬৩ মিনিটের মাথায় পাল্টা আক্রমণে ইকার্দির বাড়িয়ে দেওয়া বল থেকে গোল করেন এমবাপ্পে। তার জোড়া গোলে পিএসজি এগিয়ে যায় ৪-০ ব্যবধানে। শেষ পর্যন্ত এই ব্যবধানের জয় নিয়েই মাঠ ছাড়ে পচেত্তিনোর শিষ্যরা।

এই জয়ে পয়েন্ট টেবিলে লিলের চেয়ে ৩ পয়েন্টের ব্যবধানে এগিয়ে গেছে পিএসজি। ২১ ম্যাচ থেকে পিএসজির সংগ্রহ ৪৫ পয়েন্ট। তারা রয়েছে পয়েন্ট টেবিলের শীর্ষে। এক ম্যাচ কম খেলা লিলের সংগ্রহ ৪২। তারা রয়েছে দ্বিতীয় স্থানে। ২১ ম্যাচ থেকে ২৮ পয়েন্ট নিয়ে মঁপিলিয়ের রয়েছে একাদশতম স্থানে।

আলমডাঙ্গা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির সম্পাদক মধুকে

বহিষ্কার

আলমডাঙ্গা উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে ।

গতকাল সন্ধ্যায় এই জরুরী সভায় আলমডাঙ্গা উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির সকল সদস্যের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মধুকে সাময়িকভাবে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

উল্লেখ্য যে, কিছুদিন আগে রাষ্ট্র বিরোধী কার্যকলাপের অভিযোগে র্যাবের হাতে ঢাকায় গ্রেফতার হওয়ার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির প্রধান উপদেষ্টা জনাব শেখ শরিফুল ইসলাম, সভাপতি জনাব এ্যাডঃ সিরাজুল ইসলাম লাল্টু, সহ-সভাপতি কাজী আলী আজগর সাচ্চু, সহ-সভাপতি প্রভাষক মিজানুর রহমান মিজা, যুগ্ম-সাধারণ সম্পাদক মীর আসাদুজ্জামান উজ্জ্বল, কোষাধ্যক্ষ সালাউদ্দিন গিলবার্ট, সাংগঠনিক সম্পাদক হাসান রেজা মুন্না, প্রচার সম্পাদক মনিরুজ্জামান, দপ্তর সম্পাদক শেখ জুয়েল, সদস্য- শাহীন, সানিসহ আরো অনেকে।

সভায় সিদ্ধান্ত মোতাবেক উক্ত সাধারণ সম্পাদক পদে সাময়িকভাবে দায়িত্ব পালন করবেন যুগ্ম-সাধারণ সম্পাদক মীর আসাদুজ্জামান উজ্জ্বল।
উক্ত সিদ্ধান্ত চুয়াডাঙ্গা জেলা খেলোয়াড় কল্যাণ সমিতি বরাবর পাঠানো হয়েছে।

ঝিনাইদহে রাহুল স্মৃতি টি-২০

ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে রাহুল স্মৃতি টি-২০ ক্রিকেট প্রতিতিযোগিতার উদ্ধোধন করা হয়েছে। বুধবার সকালে জাহেদী ফাউন্ডেশনের পৃষ্টপোষকতায়, জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে খেলার উদ্ধোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। খেলা উদ্ধোধন শুরুতে জাহেদী ফাউন্ডেশন প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ভাষা সৈনিক মহুম জাহিদ হোসেন মুসা মিয়া ও মরহুম হাসান শাহরিয়ার জাহেদী রাহুল স্মরণে একমিনিট নিরাবতা পালন করা হয়।

এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জাহেদী ফউন্ডেশনের নির্বাহী সদস্য কাউয়ুম শাহারিয়ার হিজল ও সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল। এছাড়াও আরো উপস্থিত ছিলেন, জাহেদী ফাউন্ডেশন ও আমেনা খাতুন কলেজের অধ্যক্ষ মহিদুজ্জান, জাহেদী ফাউন্ডেশনের শাহতনু রেজা আসাদ, মাসুদুর রহমান রানা, ইউনুস আলী ও মানিক।
উদ্ধোধনী খেলায় ঝিনাইদহ ক্রিকেট ক্লাব ও আব্দুল লতিফ সরদার ক্রিকেট একাদশ অংশ গ্রহণ করেন। এ-খেলায় জেলার মোট ১২টি ক্রিকেট দল অংশগ্রহণ করবে। বুধবার ২০ জানুয়ারী থেকে শুরু হয়ে ১৫দিন ব্যাপি চলবে।

উইন্ডিজ ম্যাচের মধ্য দিয়ে সাকিবের দুর্দান্ত প্রত্যাবর্তন

একসঙ্গে দুই উপলক্ষ; নিষেধাজ্ঞা কাটিয়ে ফেরা, সঙ্গে দেশের মাটিতে শততম ওয়ানডে। ৫ ওভার বল করেই তুলে নেন উইন্ডিজ অধিনায়কের উইকেটসহ

৩ উইকেট।

নিজের প্রথম ওভারে একটুর জন্য মেলেনি উইকেট, পরেরটিতেই সাকিব আল হাসান পেলেন সাফল্য। বোল্ড করে দিলেন আন্দ্রে ম্যাককার্থিকে।

বাঁহাতি স্পিনারের অফ স্টাম্পের বাইরের বল সুইপ করতে চেয়েছিলেন ম্যাককার্থি। লাইনে যেতে পারেননি, স্টাম্পে আঘাত হানে বল।

৩৪ বলে ১ চারে ১২ রান করেন ম্যাককার্থি। ২৪ ওভারে ওয়েস্ট ইন্ডিজের স্কোর ৭৭/৫। ক্রিজে জেসন মোহাম্মেদের সঙ্গে সঙ্গী কাইল মেয়ার্স।

টস জিতে ফিল্ডিং নেওয়া বাংলাদেশ পাওয়ার প্লেতে বেঁধে রেখেছে ক্যারিবিয়ান ব্যাটসম্যানদের। ফিরিয়ে দিয়েছে দুই ওপেনারকে।

দুই ওপেনারকে ফিরিয়ে দিয়েছেন মোস্তাফিজুর রহমান। বাঁহাতি এ পেসারের বলে এলবিডব্লিউ হন সুনিল আমব্রিস। গালিতে ধরা পড়েন জশুয়া ডি সিলভা।

প্রথম ওভারে ছক্কা হজম করা রুবেল হোসেন খুব একটা ভোগাতে পারেননি ব্যাটসম্যানদের। দশম ওভারে প্রথম বল হাতে পান অভিষিক্ত হাসান মাহমুদ। ওয়ানডেতে নিজের প্রথম ওভারে তরুণ এই পেসার দেন ৪ রান।

২৪তম ওভারে ৫ উইকেট খুইয়ে ৭৭ রান করে উইন্ডিজ। এর মধ্যে দুটি নেন মোস্তাফিজ, তিনটি সাকিব।

চার ম্যাচ নির্বাসিত হতে পারেন মেসি

বার্সেলোনার হয়ে ৭৫০’র বেশি ম্যাচ খেলেছেন লিওনেল মেসি। এতদিন পর প্রথমবার লাল কার্ড দেখতে হল এই তারকাকে। রবিবার সুপার কাপ ফাইনাল শেষের কয়েক মুহূর্ত আগে হিংসাত্মক আচরণের জন্য লাল কার্ড দেখলেন মেসি।

শুধু তাই নয়, ওই ঘটনার ভিডিও খতিয়ে দেখবে স্প্যানিশ ফুটবল ফেডারেশন। চার ম্যাচ পর্যন্ত নির্বাসিত হতে পারেন মেসি। এদিন বার্সেলোনাও হেরে গেল ২-৩ ব্যবধানে।

অ্যাথলেটিক বিলবাওয়ের বিরুদ্ধে তখন গোল শোধ করার মরিয়া চেষ্টা চালাচ্ছে বার্সেলোনা। এমন সময়ে বল পাস করার পর মেসির গতিপথ আটকান বিলবাওয়ের আসিয়ের ভিয়ালিব্রে। মরিয়া মেসি তৎক্ষণাৎ উগ্র আচরণ করে বসেন।

রেফারি গিল মানজানো প্রথমে ঘটনাটা খেয়াল করেননি। কিন্তু ভিডিও রিভিউ দেখে মেসিকে সরাসরি লাল কার্ড দেখান। ৭৫৩ ম্যাচ পর প্রথম বার্সেলোনার হয়ে লাল কার্ড দেখলেন মেসি।

কার বেশি লালকার্ড, মেসির নাকি রোনালদোর?

লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদো, দু’জনই বর্তমান ফুটবল বিশ্বের অন্যতম মহাতারকা। তাদের মধ্যে কে সেরা, এ নিয়ে বিতর্ক চলে আসছে এক যুগেরও বেশি সময় ধরে। তবে নানা বিচার বিশ্লেষণে এর কোনও উত্তর আজও কেউ দিতে পারেনি।

পারফম্যান্স বিচারে বিভিন্ন পরিসংখ্যান যেমন- গোল, ব্যালন ডি’অর কিংবা ট্রফির হিসেব করেও দেখা যায় একজন আরেকজনের শক্ত প্রতিদ্বন্দ্বী।

তবে একটা ক্ষেত্রে দু’জনের পার্থক্যটা আকাশসমান। সেটি শৃঙ্খলা। ছোট্ট একটা তথ্যে বিষয়টা পরিষ্কার হবে। মাঠে উচ্ছৃঙ্খল আচরণের দায়ে ক্যারিয়ারে যে কয়বার লালকার্ড দেখেছেন ক্রিশ্চিয়ানো, তার তিন ভাগের এক ভাগও দেখতে হয়নি মেসিকে! স্প্যানিশ সুপার কাপের ফাইনালে অ্যাথলেটিক বিলবাওয়ের বিপক্ষে ম্যাচে লালকার্ড দেখে মাঠ ছাড়তে হয়েছে মেসিকে।
১৭ বছরের ক্লাব ক্যারিয়ারে প্রথমবারের মতো এমন অভিজ্ঞতা হল আর্জেন্টাইন মহাতারকার। বার্সার হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে

৭৫৩তম ম্যাচটি খেললেন মেসি, আগে কখনওই লালকার্ড দেখতে হয়নি তাকে। এর আগে ২০১৯ সালে কোপা আমেরিকার তৃতীয় স্থান নির্ধারণীতে চিলির বিপক্ষে ম্যাচে তাকে ‘বিতর্কিত’ লালকার্ড দেখান ম্যাচ রেফারি। যেটি নিয়ে পরবর্তীতে বেশ সমালোচনাও শুরু হয়। ১৪ বছর পর সেদিন লাল কার্ড দেখতে হয় মেসিকে।

এর আগে আর একবারই লালকার্ড দেখতে হয়েছিল আর্জেন্টাইন তারকাকে। মজার ব্যাপার, ২০০৫ সালে সেটি ছিল তার অভিষেক ম্যাচ। আর্জেন্টিনার জার্সিতে প্রথমবারের মতো মাঠে নামার মাত্র ২ মিনিটের মাথায় লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হয়েছিল ক্ষুদে জাদুকরকে।

এরপর এই বর্ণাঢ্য ক্যারিয়ারে এবারসহ মোট ৩ বার তাকে লালকার্ড দেখাতে পেরেছেন ম্যাচ রেফারি।

এদিক থেকে তার চিরপ্রতিদ্বন্দ্বী ক্রিশ্চিয়ানো রোনালদো বেশ এগিয়ে। ২০০৪ সালে ম্যানচেস্টার ইউনাইটেডের জার্সি গায়ে ১ম লালকার্ড দেখতে হয় পর্তুগিজ তারকাকে।

এরপর দীর্ঘ ক্যারিয়ারে বিভিন্ন ক্লাবে খেলেছেন। বিতর্ক তার পিছু ছাড়েনি, মাঠে উচ্ছৃখল আচরণের খেসারতও কম দেননি। ম্যানচেস্টার ইউনাইটেডের পর রিয়াল মাদ্রিদ হয়ে জুভেন্টাস, তিন দেশের তিন ক্লাবের জার্সিতেই লালকার্ড দেখতে হয়েছে তাকে। সবমিলিয়ে সংখ্যাটা কম নয়, ১১ বার!

তবে এখন পর্যন্ত দেশের জার্সিতে কখনো লালকার্ড দেখতে হয়নি রোনালদোকে। লালকার্ডের পরিসংখ্যানে মেসি বনাম রোনালদো- লিওনেল মেসির লালকার্ডের সংখ্যা ৩টি, সরাসরি লালকার্ডের সংখ্যা ৩টি। ক্রিশ্চিয়ানো রোনালদোর লালকার্ডের সংখ্যা ১১টি, সরাসরি লালকার্ডের সংখ্যা ৭টি।

মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার জনাব জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা বিজিবির লেঃ কর্নেল খালেকুজ্জামান পিএসসি অধিনায়ক ৬, জনাব নঈম হাসান জোঃ সাধারণ সম্পাদক চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থা জনাব আব্দুল লতিফ খান যুবরাজ চেয়ারম্যান সেভেন ওয়ান।

টুর্নামেন্টটি চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অফিসার্স ক্লাব মাঠ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টটির সভাপতিত্ব করেন, জনাব মনিরা পারভীন অতিরিক্ত জেলা প্রশাসক চুয়াডাঙ্গা। সন্ধ্যা ছয়টার সময় অনুষ্ঠানটির উদ্বোধন করেন জনাব নজরুল ইসলাম সরকার। দুইটা গ্রুপে মোট চব্বিশটি টিম অংশগ্রহণ করছে।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাইমুন জামান নিশা এবং সার্বিক সহযোগিতা করেন রাসেল। টুর্নামেন্টটি আগামীকাল পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হবে।

আর্সেনাল ছেড়ে তুরস্কের ক্লাবে পাড়ি জমাচ্ছেন ওজিল!

আর্সেনাল ছেড়ে তুরস্কের ক্লাব ফেনেরবাচে পাড়ি জমাচ্ছেন জার্মান মিডফিল্ডার মেসুত ওজিল। এ বিষয়ে খুব শিগগিরই চূড়ান্ত ঘোষণা আসছে বলে জানিয়েছে বিবিসি।

গত মার্চে ওয়েস্টহ্যামের বিপক্ষে ম্যাচের পর থেকে ওজিলকে আর আর্সেনালের জার্সিতে দেখা যায়নি। কোচ মিকেল আরতেতার দলে ব্রাত্য হয়ে পড়েছেন বিশ্বকাপজয়ী এ তারকা।

২০১৩ সালে ৪২.৪ মিলিয়ন পাউন্ড ট্রান্সফার ফিতে রিয়াল মাদ্রিদ থেকে আর্সেনালে এসেছিলেন ওজিল।

তুরস্ক বংশোদ্ভূত ওজিল নিজেকে জার্মান হিসেবেই সবসময় পরিচয় দিয়েছেন। তবে তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ানের সঙ্গে সাক্ষাত এবং

ছবি তোলায় বেশ আলোচিত হন তিনি।

জার্মানির হয়ে বিশ্বকাপ জিতলেও নিজের শিকড় কখনো আড়াল করার চেষ্টা করেননি। সেই তুরস্কপ্রীতিই তার জন্য কাল হয়ে দাঁড়াল। প্রায় এক বছর ধরে আর্সেনালের একাদশে সুযোগ না পেয়ে অবশেষে ইংলিশ ক্লাবটিকে ছাড়তে যাচ্ছেন তিনি।সূত্র: বিবিসি

পয়েন্ট টেবিলের শীর্ষে উঠল পিএসজি

অ্যাঞ্জার্সকে হারিয়ে লিগ ওয়ানের পয়েন্ট টেবিলের শীর্ষে উঠল প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি)। প্রতিপক্ষের মাঠে শনিবার রাতে ১-০ ব্যবধানে জিতেছে শিরোপাধারীরা। করোনা আক্রান্ত হওয়ায় এদিন সাইডলাইনে থাকতে পারেননি কোচ মরিসিও পচেত্তিনো।

পিএসজি দ্বিতীয় মিনিটেই গোল খেতে বসেছিল। দারুণ এক সেভ করে সে যাত্রায় দলকে বাঁচান গোলরক্ষক কেইলর নাভাস। ৭০তম মিনিটে জয়সূচক গোলটি করেন লেইভিন কুরজাওয়া।

২০ ম্যাচে ১৩ জয় ও তিন ড্রয়ে পিএসজির পয়েন্ট হলো ৪২। ১৯ ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে লিওঁ দুইয়ে, ১ পয়েন্ট কম নিয়ে লিল তিন নম্বরে আছে।